Bengali

ICE দ্বারা একজন প্রিয়জনকে আটক করা হলে কি করতে হবে

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আমার প্রিয়জনকে ICE দ্বারা আটক করা হয়েছিল। আমি তাদেরকে কিভাবে খুঁজে পাব?

যদি অভিবাসন এবং কাস্টম্স বলবৎকরণ (Immigration and Customs Enforcement, ICE) আপনার প্রিয়জনকে নিউ ইয়র্ক সিটির মধ্যে অথবা আশেপাশে আটক করে তাহলে তাদের ম্যানহাটনে ICE অফিসে প্রক্রিয়াকরণ করা হবে এবং তারপর কারাগারে স্থানান্তরিত করা হবে, খুব সম্ভবতঃ নিউ ইয়র্ক অথবা নিউ জার্সিতে। প্রক্রিয়াকরণ এক দিনের মধ্যে হয়।

গ্রেফতারি → Varick Street, Manhattan প্রক্রিয়াকরণ → নিউ জার্সি অথবা নিউ ইয়র্ক ICE ডিটেনশন কেন্দ্রে স্থানান্তরণ

আপনি এখানে অনলাইন ICE লোকেটর ব্যবহার করে আপনার প্রিয়জনকে আটক করা হয়েছে তা নিশ্চিত করতে পারেন:

locator.ice.gov

লোকেটর ব্যবহার করার জন্য আপনার প্রিয়জনের A নম্বর প্রয়োজন:
জন্মের দেশ এবং "**A নম্বর**"*

অথবা

জন্মের দেশ, নাম, পদবি (নামের সঠিক বানান অবশ্যই লিখতে হবে) এবং জন্ম তারিখ। **লোকেটর ব্যবহার করা নিরাপদ।**

পরামর্শ: একটি "A নম্বর" হলো A অক্ষরের পর 8 অথবা 9 সংখ্যক আইডেন্টিফিকেশন নম্বর এবং বেশিরভাগ অভিভাসন নথিপত্রে পাওয়া যায় এবং আটক করার সময় আপনার প্রিয়জনের রিস্টব্যান্ডেও উল্লেখিত থাকবে।

যদি আপনার কাছে এটি না থাকে তাহলে আপনার প্রিয়জনদের সঙ্গে কথা হলে তাকে জিজ্ঞাসা করবেন। উদাহরণের জন্য: **A 200-300-4XX**

আপনার প্রিয়জনের সঙ্গে সাক্ষাৎ করা কি নিরাপদ? আমি কিভাবে তাদের সঙ্গে দেখা করতে পারবো এবং তাদেরকে অর্থ পাঠাতে পারবো?

অনথিভুক্ত লোকেরা **প্রায়ই** নিজের প্রিয়জনদের সঙ্গে দেখা করে এবং সাধারণতঃ পরিদর্শকের অভিবাসন অবস্থান জানানো হয় না*। যদিও, পরিচয় এবং ব্যক্তিগত যাচাইকরণের দরকার আছে কিনা তার জন্য প্রতিটি কারাগারের প্রয়োজনগুলি পর্যবেক্ষণ করা গুরুত্বপূর্ণ। এখানে তথ্য দেখুন: **ice.gov/detention-facilities**, এবং তথ্য সুনিশ্চিত করার জন্য কারাগারে ফোন করুন। আপনাকে অবশ্যই আপনার প্রিয়জনের পরিদর্শকের তালিকায় উল্লেখিত থাকতে হবে এবং কেন্দ্র দ্বারা স্থাপিত নির্দিষ্ট দিন এবং সময়েই পরিদর্শন করতে পারবেন।

***দ্রষ্টব্য:** *যদি আপনি চিন্তিত থাকেন যে পরিদর্শনে গেলে আপনার নিজস্ব কেসের সাথে যুক্ত সমস্যা এবং আপনার অভিভাসন অবস্থান আপনার ঝুঁকির কারণ হতে পারে, রে তাহলে আপনার একজন উকিলের পরামর্শ নেওয়া উচিত।*

আমার প্রিয়জন কিভাবে একজন উকিল পাবেন?

মার্কিন যুক্তরাষ্ট্রের সরকার নির্বাসন সম্মুখীন অভিবাসীদের জন্য উকিল প্রদান করে না। কিছু লোকেদের জন্য **নিউ ইয়র্ক অভিবাসী পরিবার ঐক্য প্রকল্প (New York Immigrant Family Unity Project, NYIFUP)**-এর মাধ্যমে একজন উকিলকে নিযুক্ত করা হবে, এটি ICE দ্বারা আটক করা নিউ ইয়র্কবাসীদের জন্য, যাদের অভিবাসন আদালতে একটি কেস আছে তাদেরকে বিনামূল্যে, উচ্চ-মানের উকিল প্রদান করার উদ্দেশ্যে NYC দ্বারা নিহিত একটি প্রকল্প।

NYIFUP যোগ্যদের জন্য একজন বিনামূল্যের উকিল নিযুক্ত করবে (এটি প্রথম মাস্টার ক্যালেন্ডার শুনানির পর যতটা তাড়াতাড়ি সম্ভব করা হবে), যদি তাদেরকে আটক করা হয় এবং:

- নির্বাসন কেসটি **Varick St. যারিক সেন্ট অভিবাসন আদালতে (Varick St. Immigration Court)** *আছে অথবা* ব্যক্তিটি একজন **নিউ ইয়র্ক সিটির নিবাসী** এবং কেসটি **নিউ জার্সি আদালতে** আছে;
- আটকানো ব্যক্তির কাছে **ইতিমধ্যেই একজন উকিল নেই;**
- এটি **এই কেসের জন্য অভিবাসন আদালতে প্রথম শুনানি**; এবং
- পরিবারের আয় ফেডেরাল দারিদ্রতা নির্দেশাবলীর **200%-এর কম** ।

কয়েকজন লোক NYIFUP-এর মাধ্যমে একজন উকিল পাবেন না। অনুগ্রহ করে মনে রাখবেন NYIFUP সেই ব্যক্তিদের প্রতিনিধিত্ব করে যাদের একজন অভিবাসন বিচারপতির সম্মুখে অমীমাংসিত অভিবাসন কেস আছে এবং যে ব্যক্তিদের ইতিমধ্যেই উৎখাতের আদেশ আছে অথবা যাদের ওপেন কেস নেই তাদের প্রতিনিধিত্ব প্রদান করে না-নিচে আরও তথ্য দেখুন।

তৎক্ষণাৎ অভিবাসন উকিলের সঙ্গে কথা বলা কখন প্রয়োজনীয়?

- যদি কোনও বিচারপতি আগেই তাদের নির্বাসনের আদেশ দিয়ে থাকেন (একটি শুনানির তারিখে না আসার জন্য অথবা তাদের কেস হারার জন্য), অথবা
- সীমান্তে তাদের অভিবাসনের সঙ্গে যোগাযোগ হয়েছে এবং সীমান্তে হয়ত "দ্রুত উৎখাতের" প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে পারেন – যা একজন বিচারপতির সঙ্গে দেখা না করে নির্বাসনের একটি দ্রুত, প্রশাসনিক পদ্ধতি, অথবা
- যদি তাদেরকে নিউ ইয়র্ক/নিউ জার্সি থেকে স্থানান্তরিত করা হয়; অথবা
- যদি তারা ভিসা মকুব প্রকল্পেরপ্রকল্পেরর সাহায্যে দেশে প্রবেশ করে থাকেন।

যদি এর মধ্যে কোনও একটি ঘটে থাকে তাহলে তাদেরকে দ্রুত নির্বাসন করা যেতে পারে এবং তাদের নির্বাসন বন্ধ করার প্রয়াস করার জন্য তত্‌ক্ষণাত একজন বিশ্বস্ত অভিবাসন উকিলের পরামর্শ নেওয়া উচিত। যে কোনও অতীতের অভিবাসন মামলা সম্পর্কিত সমস্ত নথিপত্র সংগ্রহ করা আবশ্যক যা প্রিয়জনের কাছে হয়তো আছে। যদি আপনার প্রিয়জন NYIFUP-এর জন্য যোগ্য না হয় তাহলে একজন বিশ্বস্ত অভিবাসী উকিল খোঁজার জন্য নিম্নলিখিত হটলাইনের সঙ্গে যোগাযোগ করুন:

- **NYC-এর নিবাসীদের জন্য:** Action NYC-কে 1-800-354-0365 নম্বরে কল করুন অথবা 311 নম্বরে কল করুন এবং "Action NYC" বলুন
- **NYC-এর বাইরে নিউ ইয়র্ক স্টেটের নিবাসীদের জন্য,** 1-800-566-7636 নম্বরে নিউ অ্যামেরিকান্স হটলাইন অফিসের (Office of New Americans) সঙ্গে যোগাযোগ করুন

প্রথম আদালতের তারিখ সম্পর্কে আমরা কিভাবে জানতে পারব?

কখন এবং কোথায় আদালতের তারিখ অনুষ্ঠিত হবে তা আপনি **1-800-898-7180** নম্বরে কল করার মাধ্যমে এবং **A-নম্বর** উল্লেখ করে জানতে পারবেন। এই তথ্যটি স্প্যানিশেও পাওয়া যাচ্ছে।

1. ইংরেজির জন্য 1 টিপুন
2. A নম্বর উল্লেখ করুন। অটোমোটেড সিস্টেম A#-এর পুনরাবৃত্তি করবে; সুনিশ্চিত করার জন্য 1 টিপুন
3. অটোমেটেড সিস্টেম আপনার প্রিয়জনের নাম উল্লেখ করবে
4. সুনিশ্চিত করার জন্য 1 টিপুন
5. আগামী আদালতের শুনানির তারিখের জন্য 1 টিপুন

***দ্রষ্টব্য:** যদি তারা সিস্টেমের মধ্যে থাকে কিন্তুঅটোমেটেড একটি আদালতের তারিখ *নেই* তাহলে পুরনো সিদ্ধান্ত দেখার জন্য **3 টিপুন**। যদি কোনও আদালত উৎখাতের আদেশ দিয়ে থাকে তাহলে এটির অর্থ হলো আপনার প্রিয়জন একটি নতুন শুনানি পাবেন না। - উপরোক্ত "কখন আপনার একজন অভিবাসন উকিলের কলিরের সঙ্গে কথা বলা উচিৎ এখন?" দেখুন.

তাদেরকে কত দিন আটক রাখা হবে?

এই প্রশ্নের উত্তর দেওয়া একটু কঠিন এবং নির্দিষ্ট কেসের ওপর নির্ভর করে। এই সরকার বিশ্বাস করে যে একজন অভিবাসন বিচারপতির সামনে বন্ড শুনানির জন্য কেবল কয়েকজন লোক যোগ্য হয়। যদি আপনার প্রিয়জন এমন কোনও ব্যক্তি হয় যিনি বন্ড শুনানির জন্য যোগ্য নয় বলে সরকার বিশ্বাস করে তাহলে এই আটকানোকে বিরআপত্তি জানানোর অন্যান্য উপায় থাকতে পারে। এটির জন্য অভিজ্ঞ উকিলের সাথে তাদের কেসের যত্ন সহকারে পর্যবেক্ষণ প্রয়োজন। যদি বন্ড মঞ্জুর করা হয়ে থাকে এবং আপনি এটির খরচ বহন করতে না পারেন তাহলে আপনি **347-427-9353** নম্বরে ফোন করে **নিউ ইয়র্ক অভিবাসন স্বাধীনতা তহবিল (New York Immigrant Freedom Fund)** দ্বারা পোস্ট করা বন্ড পাওয়ার জন্য যোগ্য হতে পারেন।

আমার এখন আর কি করা উচিৎ?

প্রথমতঃ যদি ওখানে কোনও প্রত্যক্ষ সাক্ষী থাকে তাহলে আপনার প্রিয়জনকে আটক করার সময় যে সমস্ত কিছু ঘটেছে তা আপনি যতটা মনে করতে পারছেন ততটা বিস্তৃতভাবে লিখুন। দ্বিতীয়তঃ, রেইডের/অভিযানের ব্যাপারে জানান! **অভিবাসন প্রতিরোধ প্রকল্প (Immigrant Defense Project)-এর সঙ্গে 212-725-6422** নম্বরে যোগাযোগ করুন।

নিউ ইয়র্ক সিটির মেয়রের অভিবাসন বিষয়ক অফিসকে তাদের সমর্থনের জন্য ধন্যবাদ যা এই প্রায়শই জিজ্ঞাস্য প্রশ্নাবলী সম্ভব করে তুলেছে।